

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

website : www.janatabank-bd.com

আরসিডি সার্কুলার নং- ৬৫/১৭

তারিখ : ০২ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ
১৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় :- চাকুরিজীবীদের জন্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতার ক্ষেত্রে কতিপয় সংশোধনী এবং সুদ হার পরিবর্তন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আরসিডি সার্কুলার নং- ৬৩/১৭ তারিখঃ ১৭/০৮/২০১৭ এর মাধ্যমে চাকুরিজীবীদের জন্য ঋণ কর্মসূচির সংশোধিত নীতিমালা জারী করা হয়েছে। উক্ত সার্কুলারে ৩ নং অনুচ্ছেদে উল্লিখিত “ঋণ প্রাপ্তির যোগ্যতা”র ক্ষেত্রে নির্দিষ্টভাবে কিছু প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকায় এবং অনুরূপ কিছু প্রতিষ্ঠান যেমন- এমপিওভুক্ত মাদ্রাসা, ভোকেশনাল ইনস্টিটিউট ইত্যাদির নাম উল্লেখ না থাকায় ঋণ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ সুবিধা প্রদানে সমস্যার সৃষ্টি হচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে গত ১১/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৪৮৯তম সভায় আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতার বিষয়ে স্মারক উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক ঋণ প্রাপ্তির যোগ্যতা সংশ্লিষ্ট অনুচ্ছেদ নম্বর-৩ নিম্নোক্তভাবে প্রতিস্থাপনের নির্দেশনা প্রদান করা হয় :-

বিদ্যমান	প্রতিস্থাপন
ঋণ প্রাপ্তির যোগ্যতা (আরসিডি সার্কুলার নং- ৬৩/২০১৭ এর অনুচ্ছেদ নম্বর ৩) :- খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), বাংলাদেশ সচিবালয়, সকল সাধারণ ও বিশেষায়িত পাবলিক বিশ্ববিদ্যালয়, সরকারী ও এমপিওভুক্ত কলেজ ও হাই স্কুল, পিডিবি, ডিপিডিসি, পিজিসিবি, শিক্ষা ভবন, খাদ্য ভবন, প্রাইভেটাইজেশন বোর্ড ও সরকারী প্রাইমারী স্কুলসহ অন্যান্য সরকারী প্রতিষ্ঠান, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়/চিকিৎসা মহাবিদ্যালয় এবং ব্যাংকের নিকট গ্রহণযোগ্য কোন বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত নিয়মিত ও স্থায়ী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।	ঋণ প্রাপ্তির যোগ্যতা :- সরকারী বিশ্ববিদ্যালয়, বেসরকারী বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক রেটিংকৃত প্রথম ১০টি বেসরকারী বিশ্ববিদ্যালয়), সরকারী ও বেসরকারী এমপিওভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসহ ব্যাংকের নিকট গ্রহণযোগ্য বেসরকারী প্রতিষ্ঠান/স্বনামধন্য এনজিওতে কর্মরত স্থায়ী ও নিয়মিত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।


খ) বিদ্যমান সুদ হার ১১% হতে হ্রাস করে ১০.৫০% নির্ধারণ করা হয়।


উল্লেখ্য, আলোচ্য বিষয়ে আরসিডি সার্কুলার নং- ৬৩/১৭ তারিখঃ ১৭/০৮/২০১৭ এর অন্যান্য শর্তাবলী ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, চাকুরিজীবীদের জন্য ঋণ কর্মসূচির আওতায় উপরোক্ত ঋণ প্রাপ্তির যোগ্যতা ও সুদ হার অনুসরণ পূর্বক ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,


নাছিমা আক্তার
উপ-মহাব্যবস্থাপক


মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক